160

দৈনিক ইনকিলাব

তারিখ ... JUN -7 - 1999 ...
পৃঃ ৭ কলাম ৪ ......

## উচ্চ মাধ্যমিক শিক্ষা ক্ষেত্রে ইসলামী বিষয় চালু করতে বিশেষ অনুমতি কেন?

দেশের কলেজগুলোতে উচ্চ মাধ্যমিক শ্রেণীতে কোন বিষয় খুলতে চাইলে নিজ নিজ এলাকাধীন মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের অনুমতি নিতে হয়। কিন্তু ইসলামী শিক্ষা বিষয়টি খুলতে চাইলে প্রথমে শিক্ষা মন্ত্রণালয়ের বিশেষ অনুমতি নেয়ার পর মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের অনুমতি নিতে হয় যা দেশের দূর-দূরান্তে অবস্থিত কলেজগুলোর জন্য একটি বাড়তি সমস্যা। এক্ষেত্রে শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশ ছাড়া শিক্ষা বোর্ড এককভাবে অন্যান্য বিষয়ের মত ইসলামী শিক্ষা খোলার অনুমতি দিতে পারে না। ফলে ইচ্ছা ও প্রয়োজন থাকা সত্ত্বেও বেশ কিছু কলেজ উক্ত বিষয়টি খুলতে পারছে না। বাংলাদেশের মত উন্নয়নশীল দেশের কলেজগুলোতে পরিসংখ্যান ও কম্পিউটারের মত আধুনিক যুগোপযোগী বিষয়গুলো খোলা [illegible] সেই সাথে ইসলামী শিক্ষা বিষয়টি পড়ার সুযোগ থাকলে ছাত্র-ছাত্রীগণ একই সাথে আধুনিক বিজ্ঞান ও ধর্মীয় শিক্ষা পেতে পারে। এমতাবস্থায় শিক্ষা প্রতিষ্ঠান, শিক্ষক ও ছাত্র-ছাত্রীর সুবিধার্থে অন্যান্য বিষয় খোলার প্রচলিত নিয়মের মত নিজ নিজ এলাকাধীন মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের উপর উচ্চ মাধ্যমিক শ্রেণীতে ইসলামী শিক্ষা বিষয়টিও খোলার অনুমতি দেয়ার দায়িত্ব অর্পণ করার জন্য শিক্ষা মন্ত্রণালয়ের নিকট আকুল আবেদন জানাই।

— মোহাম্মদ নূহ
রামচন্দ্রপুর হাট, নবাবগঞ্জ।

SHEET —— OF —— SHEETS